# আগস্ট-২০২১ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত কাপাসিয়া উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।
সভার তারিখ ঃ ২৫.০৮.২০২১ খ্রি.
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাপাসিয়া, গাজীপুর।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণীর কোন সংযোজনী/সংশোধনী থাকলে তা জানানোর জন্য উপস্থিত সদস্যদের আহবান জানান। সদস্যদের নিকট হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচী ভিত্তিক আলোচনা উপস্থাপন করলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:<br>জনাব এ.কে.এম গোলাম মোর্শেদ খান, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর উপস্থিত সকলকে বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকলে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করার জন্য সকলকে অনুরোধ করেন। | কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর। |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, বর্তমানে আমন ধান রোপনের মৌসুম চলছে কিন্তু পানির অভাবে সঠিক সময়ে সব জায়গায় আমন ধান রোপন করা সম্ভব হচ্ছে না বিধায় এ বছর আমন ধানের লক্ষমাত্রা অর্জন নাও হতে পারে। খরিপ-২ ২০২১-২২ অর্থ বছরে মাসকালাই ডাল ১০০ জন কৃষকের মাঝে সার ও বীজ বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এ বছর কিছু কিছু স্থানে সেচের ব্যবস্থা করতে হবে।<br>তিনি আরো বলেন, বর্তমানে সারের বাজার অস্থিতিশীল আছে। কিন্তু কাপাসিয়াতে কোন ধরণের সমস্যা নেই। কিছু অসাধু ব্যবসায়ী রয়েছে যারা কৃত্রিম ক্রাইসিস তৈরি করে সারের বাজারকে অস্থিতিশীল করার পায়তারা করছে। এ বিষয়ে তিনি সকল ইউপি. চেয়ারম্যানগণকে বিষয়টি যথাযথ মনিটরিং করার জন্য সভায় আলোচনা করেন। | কাপাসিয়ায় সারের বাজারে যেন কৃত্রিম ক্রাইসিস তৈরি না হয় সেজন্য উপজেলা কৃষি অফিসারকে সারের বাজার নিয়মিত মনিটরিং করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে দুপুর ০২.০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত একজন আনসার সদস্য মোতায়েন করলে হাসপাতালের নিরাপত্তা বাড়বে বলে তিনি সভায় আলোচনা করেন। এছাড়া তিনি আরো বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রিয়েজেন্ট ও এক্সরে ফিল্ম শেষ গেছে। জরুরী ভিত্তিতে রিয়েজেন্ট ও এক্সরে ফিল্ম অন্যান্য বছরের মত এ বছরও উপজেলা পরিষদ হতে ক্রয় করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে একজন আনসার দুপুর ০২.০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত একজন আনসার সদস্য মোতায়েনের ব্যবস্থা গ্রহণের জন্য এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২০২১-২২ অর্থ বছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রিয়েজেন্ট ও এক্সরে ফিল্ম ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর।<br>৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার বলেন, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি বলেন কাপাসিয়া উপজেলার বিভিন্ন খাল বিল হতে জেলেদের কাছ থেকে বিপুল পরিমাণ কারেন্ট জাল উদ্ধার করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সামনে আগুনে পোড়ানো হয় এবং সকল জেলেসহ সাধারণ মানুষকে কারেন্ট জাল ব্যবহার না করার জন্য বলা হয়। নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম অব্যাহত থাকবে বলে তিনি সভায় বিস্তারিত আলোচনা করেন। | বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা সমাজসেবা অফিসার বলেন,<br>১। উপজেলা সমাজসেবা কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর এর দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য কেবলমাত্র দুটি ছোট কক্ষ ব্যবহৃত হয়ে আসছে যা কর্মকর্তা-কর্মচারী এবং প্রতিদিন সেবা নিতে আসা সেবাগ্রহীতাদের সংখ্যা বিবেচনায় খুবই অপ্রতুল। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অফিস সংলগ্ন কমপক্ষে একটি কক্ষ উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ করা অতীব জরুরী। এমতাবস্থায় সদয় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য তিনি বিনীত অনুরোধ করেন।<br>২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দুরবর্তী হওয়ায় প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ এবং হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের সেবাগ্রহীতা কাংখিত সেবা পেতে বিশেষ অসুবিধার সম্মুখীন হচ্ছেন। এমতাবস্থায় হাসপাতালের কম্পাউন্ডে রোগী কল্যাণ সমিতি হাসপাতাল সমাজসেবা কার্যালয় নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সভায় বিনীত অনুরোধ করেন।<br>৩। বিভিন্ন ভাতার নগদ একাউন্ট হতে প্রতারক চক্র অর্থ হাতিয়ে নিচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। এমতাবস্থায় প্রতারক চক্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন। | বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার,<br>কাপাসিয়া,গাজীপুর। |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর বলেন, কাপাসিয়া উপজেলায় নিম্নোক্ত দুইটি প্রাথমিক বিদ্যালয়ে জায়গা সংক্রান্ত জটিলতা থাকায়<br>ক) পিইডিপি-৪ এর আওতায় গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার উত্তরখামের সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের (প্যাকেজ নং- e-tender/PEDP-4/GAZ/KAP/2019-20/W1.00252) কাজের বাস্তবায়নের জন্য ০২/০৬/২০২০ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। প্রকল্পের কাজের জায়গা সংক্রান্ত জটিলতার কারণে সাইট ঠিকাদারকে বুঝিয়ে দেওয়া হয় নাই। গত ২০/০৬/২০২১ তারিখে কাজ বাস্তবায়নের মেয়াদ উত্তীর্ণ হয়েছে। ঠিকাদার গত ২৮/০২/২০২২ তারিখে চুক্তিপত্র বাতিল ও জমাকৃত পারফরমেন্স সিকিউরিটি (PG) ফেরত চেয়ে আবেদন করেছেন।<br>খ) পিইডিপি-৪ এর আওতায় গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার গিয়াসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের (প্যাকেজ নং- e-tender/PEDP-4/GAZ/KAP/2019-20/W2.00593/ Tender ID 449232) ১৮/১১/২০২০ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। প্রকল্পের কাজের জায়গা সংক্রান্ত জটিলতার কারণে সাইট ঠিকাদারকে বুঝিয়ে দেওয়া হয় নাই। গত ২৫/০৯/২০২১ তারিখে কাজ বাস্তবায়নের মেয়াদ উত্তীর্ণ হয়েছে। ঠিকাদার প্রকল্পের কার্যাদেশ, চুক্তিপত্র বাতিল ও জমাকৃত পারফরমেন্স সিকিউরিটি (PG) ফেরত চেয়ে আবেদন করেছেন।<br>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের কাজ দ্রুত সময়ের মধ্যে সমাপ্ত হবে কিন্তু উক্ত ভবনের নিরাপত্তা প্রাচীর প্রাক্কলনের সাথে সম্পৃক্ত না থাকায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটির সার্বিক নিরাপত্তার জন্য উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে সরকারি বিধি মোতাবেক নিরাপত্তা বেষ্টনী নির্মাণ করণ এবং উপজেলা পরিষদের ভিতরে বিভিন্ন দপ্তরের সরকারি গাড়ি নিরাপদে রাখার জন্য একটি বড় গ্যারেজ নির্মাণ করা জরুরী হয়ে পড়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | গিয়াসপুর সঃপ্রাঃবিঃ এর জন্য জায়গা পাওয়া গিয়াছে। নতুন জায়গায় সরকারি বিধি মোতাবেক ভবন নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পত্র দিয়ে অবহিত করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উত্তরখামের বিদ্যালয়ের ভবনটি 4H+4V এর পরিবর্তে জায়গায় সমস্যা সমাধানকল্পে 3H+3V+3V করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া,গাজীপুর। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে কাপাসিয়া উপজেলায় কাবিখা, কাবিটা, চাল ও গম বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্য ইউনিয়নভিত্তিক বিভাজন করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা সভায় অনুরোধ করেন। | প্রাপ্ত টিআর, কাবিটা ও কাবিখার বরাদ্দের অনুকুলে প্রকল্প দাখিল করা এবং বির নিবাস নির্মাণ প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা প্রকল্প বাস্তাবায়ন<br>কর্মমকর্তা,কাপাসিয়া, গাজীপুর। |
| ০৯ | উপজেলা সমবায় অফিসার বলেন, প্রতিটি সমবায় সমিতি একটি বডি কর্পোরেট আর্থিক প্রতিষ্ঠান। প্রতিটি সমিতির আর্থিক কার্যক্রম বাধ্যতামূলক। সমিতি তার সদস্যেদের নিকট হতে নির্ধারিত হারে সঞ্চয় জমা করে মূলধন গঠন করে থাকে। এই গচ্ছিত মূলধন তার ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণে থাকে। ব্যবস্থাপনা কমিটি এই মূলধন তার বেকার | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা সমবায় অফিসার, কাপাসিয়া, |

| | | | |
|---|---|---|---|
| | সদস্যের মধ্যে বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করে। সদস্যগণ সমিতি হতে ঋণ নিয়ে বিভিন্ন ধরনের ব্যবসা করে জিবীকা নির্বাহ করে থাকে। এ ঋণ স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী উভয়ই হয়ে থাকে। সদস্যগণ একটি নির্দিষ্ট কিস্তির মাধ্যমে এ ঋণ পরিশোধ করে থাকে। সমিতির এরুপ বিনিয়োগে সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকে না এরুপ কার্যক্রম প্রতি নিয়োত চলতে থাকে। এ প্রক্রিয়ায় বেকার সদস্যদের কর্মসংস্থান হতে থাকে। প্ররুপ কার্যক্রমের প্রচার ব্যবস্থায় দৃশ্যমান হয় না।<br>**<u>নারীর ক্ষমতায়নঃ</u>** একটি সমিতির সদস্য সংখ্যা সর্বনিম্ন থাকলেও সর্বোচ্চ সীমা নেই। তবে সমিতিতে সদস্য থাকলে ও সমিতির কার্যক্রম পরিচালনার জন্য একটি ব্যবস্থাপনা কমিটি থাকে। এই কমিটির কাজ হচ্চে সদস্যদের নিকট হতে সঞ্চয় জমার মাধ্যমে তহবিল গঠন করা ,অর্থ বিনিয়োগ করা। প্রতিমাসে সভা করা এবং বছর শেষে বার্ষিক সাধারণ সভার মাধ্যমে সদস্যদেরকে হিসাব দেওয়া সমিতির ব্যবস্থাপনা কমিটিতে মহিলা সদস্য থাকায় প্রতি নিয়োত সভা করা ও সদস্যদের সাথে মত বিনিময় ও কর্মকান্ড পরিচালনা করায় তাদের মধ্যে নেত্রীত্ব গড়ে উঠবে। এছাড়া সমবায় অধিদপ্তরের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটিকে নানাবিধ প্রশিক্ষণ প্রদান করা হয়। এক পর্যায়ে দেখা যায়, ব্যবস্থাপনা কমিটি বিভিন্ন সভা করা ও প্রশিক্ষণ গ্রহনের ফলে নেত্রীত্ব দানের গুনাবলী আর্জন করে। এরুপ কার্যক্রমের ফলে মহিলা সদস্যগণের মধ্যে নারী নেত্রীত্ব তৈরী হয় এবং তারা সমিতি ও সমিতির কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনাসহ সামাজিক ভাবে বিভিন্ন কার্যক্রমে অবদান রাখে এবং পরিবারে অর্থনৈতিক ভাবে সহযোগীতা করে। সমিতি হতে অর্জিত নেতৃত্বের কারনে পরবর্তীতে জন প্রতিনিধি হওয়া ও তার জন্য সহজ হয়। এছাড়া তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন। | | গাজীপুর। |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর বলেন যে,<br>• ২০১৯-২০ অর্থ বছরে সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকূরে মধ্যে ২৮৬টি নলকূপের বোরিং কাজ এবং প্লাটফর্মের কাজ শেষ হয়েছে। বাকি কাজ চলমান রয়েছে।<br>• ২০২০-২১ অর্থ বছরে সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকূপের মধ্যে ২৮৬টি নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। ৯৮ টি প্লাটফর্মের কাজ শেষ হয়েছে বাকি কাজ চলমান রয়েছে।<br>• ২০২১-২২ অর্থ বছরে সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকূপের কাজ শুরু হয়েছে। ১৩০টির বোরিং কাজ সম্পন্ন হয়েছে।<br>• মুজিববর্ষ উপলক্ষে গৃহহীন পরিবারের জন্য ১৩টি নলকূপের কাজ শেষ হয়েছে এবং আরোও ৫টি নতুন নলকূপের কাজ শেষ হয়েছে।<br>• পিইডিপি-৪ প্রকল্পের ২০টি বিদ্যালয়ের মধ্যে ১৩ টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে।<br>• পিইডিপি-৪ প্রকল্পের ১১টি বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিনসহ সাবমারসিবল পাম্পযুক্ত নলকূপের কাজ শেষ হয়েছে।<br>• সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল ওয়াটার সাপ্লাই কাজের সম্ভাব্যতা যাচাই কাজ চলমান।<br>• সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি ভিত্তিক ওয়াটার সাপ্লাই কাজ এর সার্ভে চলমান দ্রুত কাজ শুরু হবে।<br>• জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় আর্সেনিক কার্যক্রম পরিচালনার জন্য ১১টি ইউনিয়নে ৬জন টেস্টার এর মাধ্যমে প্রায় ২৪০০০ নলকূপের আর্সেনিক পরীক্ষা শেষ হয়েছে। | ২০২১-২২ অর্থ বছরের নলকূপ বোরিং এবং প্লাটফর্মের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপ-সহকারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল, কাপাসিয়া, গাজীপুর। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন,<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ডিজিটাল কনটেন্ট আপলোড করার | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, |

| | | | |
|---|---|---|---|
| | ভাবে চলছে বলে জানান। এ ছাড়াও শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ডিজিটাল কনটেন্ট আপলোড করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | গাজীপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১২ | উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া , গাজীপুর বলেন, কাপাসিয়া উপজেলার ১১৬ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ বিলের ব্যবস্থা হয়েছে। প্রাইমারী স্কুলের বেশ কয়েকটি বিদ্যালয়ের বিল বকেয়া থাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বকেয়া বিদ্যুৎ বিল সকল অফিস ও স্কুল সমূহকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১৩ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কাপাসিয়া, গাজীপুর জানান, কাপাসিয়া উপজেলাধীন<br>১। ০৬ (ছয়) টি ইউনিয়নের স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কেন্দ্রের সংস্কার ও মেরামত (প্যাকেজ নং-আইএনএফ-২০২০-২০২১-৩০৩৩৩৬-০১) কাজ।<br>২। ১০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ডেলিভারির কক্ষে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ (প্যাকেজ নং- আইএনএফ-২০২০-২০২১-৩০৩৩৩৬-০২ )<br>উপরোক্ত ০২ টি প্রকল্প সরকারি বিধি মোতাবেক প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন করে উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর বিল প্রদান করার জন্য সুপারিশ করেন। সুপারিশ অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে বলে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br><br>এছাড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ল্যাপটপ কম্পিউটার সরবরাহ উপ-প্রকল্পটিতে কোন ঠিকাদার দরপত্র জমা দেয়নি। বর্তমানে আইসিটি সামগ্রী বাজার মূল্য বৃদ্ধি পাওয়ায় ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের মতামত সাপেক্ষে উপ-প্রকল্প প্রাক্কলিত ইস্টিমেট সংশোধন করার প্রয়োজন মর্মে উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় উপস্থাপন করেন। এমতাবস্থায় উপ-প্রকল্পটি কাপাসিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ল্যাপটপ কম্পিউটার সরবরাহ শিরোমান প্রাক্কলন সংশোধন করা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের অনুমোদন সাপেক্ষে পুনঃদরপত্র আহ্বান করার জন্য উপজেলা পরিষদের সদয় অনুমোদনের প্রয়োজন। | ১। ০৬ (ছয়) টি ইউনিয়নের স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কেন্দ্রের সংস্কার ও মেরামত (প্যাকেজ নং-আইএনএফ-২০২০-২০২১-৩০৩৩৩৬-০১) কাজ।<br>২। ১০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ডেলিভারির কক্ষে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ (প্যাকেজ নং- আইএনএফ-২০২০-২০২১-৩০৩৩৩৬-০২ ) কাজের বিল প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কাপাসিয়া, গাজীপুরকে উপ-প্রকল্পের শিরোনাম প্রাক্কলন সংশোধন করে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের অনুমোদন সাপেক্ষে পুনঃদরপত্র আহ্বায়নের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর।<br>৪। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কাপাসিয়া, গাজীপুর। |
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার বলেন, কাপাসিয়া উপজেলা সেচ কমিটির সভা করা হয়েছে। সভায় উপজেলা বিএডিসি ইঞ্জিনিয়ার, উপ-সহকারি কৃষি কর্মকর্তাসহ অন্যান্য সদস্যগনদের সাথে আলোচনা করে এ বছর নির্বিঘ্নে আমন ধান রোপন করার জন্য সেচ ভাড়া বিঘা প্রতি ৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে এবং সেচ প্রকল্পগুলো যেন নিয়মিতভাবে চালু থাকে সে জন্য উপ-সহকারী প্রকৌশলী ও ইউপি. চেয়ারম্যানদের মনিটরিং করার জন্য অনুরোধ করেন। কাপাসিয়া উপজেলায় যে সব সার ডিলার রয়েছে তারা যদি সরকার নির্ধারিত দাম থেকে অতিরিক্ত দামে সার বিক্রি করে তাহলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা কৃষি অফিসারকে সভায় অনুরোধ করেন।<br>উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্তরে সমন্বিত দক্ষতা উন্নয়ন অবকাঠামোর জন্য একটা সমন্বিত বহুতল ভবন নির্মাণের উদ্দোগ গ্রহণ করেছে সরকার। যেখানে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন সরকারি দপ্তর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত করতে পারবে। পিডব্লিউবি হতে একটি চাহিদা চাওয়া হয়েছে। জরুরী ভিত্তিতে প্রশিক্ষন সংক্রান্ত দপ্তরগুলোর সাথে আলোচনা করে কি পরিমান জায়গা ও কোন কোন দপ্তর সমন্বিত ভবনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে সে বিষয়ে চাহিদা পত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য বিস্তারিত আলোচনা করেন। | বিঘা প্রতি ৫০০ টাকার বেশি যেন নিতে না পারে সে জন্য ইউপি. চেয়ারম্যানগণ ও উপ-সহকারী প্রকৌশলীগন নিয়মিত মনিটরিং করবেন এবং সরকার নির্ধারিত দামে সার বিক্রির বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>যে সকল দপ্তর প্রশিক্ষন কার্যক্রম পরিচালিত করে সে সকল দপ্তরকে জায়গার চাহিদা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর টিআর, কাবিটার প্রকল্প আগামী ৭ দিনের মধ্যে দাখিল করার জন্য সকল ইউপি. চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের অর্থায়নে ৫টি ঘর নির্মাণ করে দেওয়া হবে। দ্রুত সময়ের মধ্যে ঘরের আবেদন করার জন্য ইউপি. চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। | টিআর, কাবিটার প্রকল্প আগামী ৭ দিনের মধ্যে দাখিল করণ এবং উপজেলা পরিষদের অর্থায়নে ৫টি ঘর দ্রুত সময়ের মধ্যে নির্মাণ করনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| | | | ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর। |
| ১৭ | কৃষকরা যাতে সঠিক সময়ে সেচ সুবিধা পায় এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী রাত ১২ টা হতে সকাল ৬ টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন এবং বিএডিসি, কাপাসিয়া, গাজীপুরকে মনিটরিং করার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। | নিরবচ্ছিন্ন সেচ কার্যক্রমে বিদ্যুৎ সরবরাহের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন এবং বিএডিসি, কাপাসিয়া, গাজীপুরকে মনিটরিং করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।